

জেলা নির্বাচনী আধিকারিকের আবেদন

প্রিয় নির্বাচক,

আপনারা সকলেই জানেন যে, ভারতের নির্বাচন কমিশনের নির্দেশে সারা দেশের সঙ্গে সঙ্গে আমাদের রাজ্যেও লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। এই নির্বাচনে আপনাদের সকলের অংশগ্রহণ একান্ত আবশ্যিক। ভোট দেওয়া আপনার অধিকার, এবং দায়িত্বও বটে।

নির্বাচনে প্রতিটি ভোটই সমান মূল্যবান। সুতরাং, অনুগ্রহ করে নির্দিষ্ট দিনে ভোটগ্রহণ কেন্দ্রে ই ভি এম-এ আপনার পছন্দের প্রার্থীর নাম ও প্রতীকচিহ্নের পাশে নীল বোতাম টিপে ভোট দিন। আপনার ভোট সম্পূর্ণ গোপন থাকবে। যাঁরা কোনো প্রার্থীকেই ভোট দিতে চান না তাঁদের জন্য ই ভি এম-এ ‘নোটা’, অর্থাৎ উপরের কেউই নন, এই বিকল্পটিও রাখা হয়েছে।

দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব আমার আপনার - আমাদের সকলের। তাই ভোটের দিন ভোট দিতে ভুলবেন না। আমার তরুণ ভাইবোনেরা, যাঁরা এবার নতুন ভোটাধিকার লাভ করেছেন, তাঁদের উদ্দেশ্যে আমার আবেদন, ভোট দিয়ে নিজের ও দেশের ভবিষ্যৎ সুরক্ষিত করুন। দেশগঠনে সামিল হোন।

নমস্কার।

শক্তিশালী গণতন্ত্রের জন্য অধিকতর অংশগ্রহণ